যুগান্তর

তারিখ 28 MAR 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৭

# সাউথইস্ট ইউনিভার্সিটিতে আলোচনা সভা অনুষ্ঠিত

সাউথইস্ট ইউনিভার্সিটির উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ২৩ মার্চ বিকাল ৩টায় ইউনিভার্সিটির তেজগাঁওয়ের স্থায়ী ক্যাম্পাসে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রো-ভিসি অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। জরুরি রাষ্ট্রীয় কাজে ব্যস্ত থাকার কারণে টেলিকনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাউথ এশিয়া ফাউন্ডেশনের সদস্য ওসমান গনি কাঞ্চন। স্বাগত বক্তব্য রাখেন বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর সৈয়দ ফখরুল হাসান এবং আলোচনা করেন স্থাপত্য বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মীর মোবাশ্বের আলী। সংবাদ বিজ্ঞপ্তি।